গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
(গোপনীয় শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০০৭.২২.১৫২ তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২২

**জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া এর আদালত পরিদর্শন প্রতিবেদন**

গত ১৪/০৯/২০২২ খ্রি. তারিখ সকাল ৯-০০টায় নিম্নস্বাক্ষরকারী বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া এর আদালত পরিদর্শন করি। পরিদর্শনকালে জেলা প্রশাসক, বগুড়া জনাব মোঃ জিয়াউল হক, বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব সালাহ্উদ্দিন আহমেদসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

বগুড়া কালেক্টরেট ভবনের ২য় তলায় ২৩১ নং কক্ষকে আদালত কক্ষ হিসেবে ব্যবহার করা হচ্ছে। এটি একটি সুপরিসর কক্ষ। এখানে একটি এজলাস, আইনজীবীদের বসার জন্য চেয়ার, আদালতের নথি ও রেজিস্টার রাখার জন্য আলমারি রয়েছে। এছাড়া প্রার্থক ও প্রতিপক্ষের জন্য কাঠগড়া রয়েছে।

- নির্ধারিত ফরমে পরিদর্শন রেজিস্টারটি সংরক্ষণ করা হচ্ছে। গত ০৭/০৭/২০২২ খ্রি. তারিখে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব সালাহ্উদ্দিন আহমেদ সর্বশেষ নিজ আদালতটি পরিদর্শন করেছেন। পূর্ববর্তী পরিদর্শনসমূহের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে।
- হাজিরা বহি নির্ধারিত ফরমে সংরক্ষণ করা হচ্ছে। কর্মচারীগণ নিয়মিত হাজিরা প্রদান করেন এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়মিত যাচাই অন্তে অনুস্বাক্ষর করেন।
- কেইস ডাইরি যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কোর্টে উঠা ও কোর্ট থেকে নামার সময় উল্লেখপূর্বক স্বাক্ষর করেন।
- পিটিশন মামলা রেজিস্টার যথাযথভাবে নির্ধারিত ফরমে সংরক্ষণ করা হচ্ছে। চলতি বছরের শুরু হতে পরিদর্শনের তারিখ পর্যন্ত দায়েরকৃত মামলার সংখ্যা ৪৯৮টি। বিগত বছর থেকে আগত মামলার সংখ্যা ৪৪৪টি, পরিদর্শনের তারিখ পর্যন্ত নিষ্পন্ন মামলার সংখ্যা ৬০২টি, পেন্ডিং মামলার সংখ্যা ৩৪০টি।
- আপীল মামলা রেজিস্টারটি যথাযথ ফরমে সংরক্ষণ করা হচ্ছে। চলতি বছরের শুরু হতে পরিদর্শনের তারিখ পর্যন্ত দায়েরকৃত মামলার সংখ্যা ৯টি, বিগত বছর থেকে আগত মামলার সংখ্যা ৬টি, পরিদর্শনের তারিখ পর্যন্ত নিষ্পন্ন মামলার সংখ্যা ১৫টি, কোন মামলা পেন্ডিং নেই।
- কোর্ট ফি রেজিস্টারটি নির্ধারিত ফরমে সংরক্ষণ করা হচ্ছে। চলতি বছরের শুরু হতে পরিদর্শনের তারিখ পর্যন্ত আদায়কৃত কোর্ট ফির পরিমাণ ২৭,০৩৪/-টাকা। কলাম অনুযায়ী তথ্য লিপিবদ্ধপূর্বক রেজিস্টারটি যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।
- প্রসেস রেজিস্টারটি যথাযথ ফরমে সংরক্ষণ করা হচ্ছে। চলতি বছরের শুরু হতে পরিদর্শনের তারিখ পর্যন্ত ইস্যুকৃত প্রসেস সংখ্যা ১৪৫১টি এবং সবগুলো প্রসেস নিষ্পন্ন হয়েছে, কোন পেন্ডিং নেই।
- মামলা নং- ২৫৭ পি/২০২২ (গাবতলী) পর্যালোচনা করা হয়। প্রার্থক মোঃ মাসুদ রানা, পিতা- মৃত মকবুল হোসেন প্রাং কর্তৃক প্রতিপক্ষ মোঃ আমজাদ হোসেন (৫০)সহ ৭ জনের বিরুদ্ধে ফৌঃ কাঃ বিঃ ১৪৪/১৪৫ ধারার বিধান মোতাবেক অভিযোগ দাখিল করেন। ১০/০৫/২০২২ তারিখে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে ঐদিনই বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট প্রার্থক ও বিজ্ঞ কৌশুলীকে শোনার পর প্রতিপক্ষগণকে আরজি বর্ণিত নালিশী সম্পত্তির বিষয়ে কারণ দর্শাতে বলা হয়। এছাড়া সহকারী কমিশনার (ভূমি), গাবতলী, বগুড়াকে নালিশী সম্পত্তির বিষয়ে দখল প্রতিবেদন দেওয়ার জন্য বলা হয়। অপরদিকে অফিসার ইন চার্জ, গাবতলী থানাকে নালিশী সম্পত্তিতে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার ব্যবস্থা গ্রহণের জন্যও বলা হয়। মামলার পরবর্তী তারিখ ২৬/০৫/২০২২ নির্ধারণ করা হয়। ধার্য তারিখে দখল বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) এর নিকট হতে প্রতিবেদন না পাওয়ায় এবং প্রতিপক্ষ জবাব দাখিলের জন্য সময়ের আবেদন করায় মামলার পরবর্তী তারিখ ৩০/০৬/২০২২ নির্ধারণ করা হয়। ধার্য তারিখে উভয় পক্ষ হাজির থাকেন এবং প্রতিপক্ষ জবাব দাখিল করেন। এর মধ্যে সহকারী কমিশনার (ভূমি) এর নিকট হতে নালিশী সম্পত্তির দখল বিষয়ক প্রতিবেদন পাওয়া যায়। উভয় পক্ষের বিজ্ঞ কৌশুলীর বক্তব্য শ্রবণ এবং সহকারী কমিশনার (ভূমি) এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় নালিশী সম্পত্তি

প্রার্থকের দখলে থাকায় বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রার্থকের আবেদন মঞ্জুরপূর্বক প্রতিপক্ষকে নালিশী সম্পত্তিতে অনুপ্রবেশ বারিত করার আদেশ প্রদান করে মামলা নথিজাত করা হয়।

- মামলা নং-০৯/২০২২ ফৌঃ আপিল মামলাটি পর্যালোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গাবতলী, বগুড়া আদালতের মামলা নং- ৫০/২০২২ (গাবতলী) এর ২৯/০৬/২০২২ তারিখের আদেশের অসম্মতিতে আপিল্যান্ট আসামী মোছাঃ ডেইজী খাতুন, স্বামী- মোঃ লিটন মিয়া, সাং- সোন্দাবাড়ী পশ্চিমপাড়া, উপজেলা-গাবতলী, জেলা- বগুড়া ১৭/০৮/২০২২ তারিখে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া বরাবরে আপিল দায়ের করেন। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া আপিল ও জামিনের আবেদন শুনানীপূর্বক মামলা নিষ্পন্ন করবেন মর্মে ঐদিনই বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া আদেশ প্রদান করেন। সে প্রেক্ষিতে ২১/০৮/২০২২ তারিখে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া নথি প্রাপ্তির পর ঐদিনের আদেশে নিম্ন আদালতের নথি তলব করেন এবং মামলার পরবর্তী তারিখ ২৩/০৮/২০২২ নির্ধারণ করেন। ধার্য তারিখে নিম্ন আদালতের নথি পাওয়া যায়। আসামী পক্ষের কৌশুলীর বক্তব্য শোনা হয়। বিজ্ঞ কৌশুলী জানান আসামী প্রায় ১ মাস ২৪ দিন যাবৎ জেলা কারাগারে আটক আছেন। নিম্ন আদালতের রায় বে-আইনী মর্মে উল্লেখ করে তিনি আসামীর সাজা মওকুফের আবেদন জানান। বিজ্ঞ কৌশুলীর বক্তব্য ও নিম্ন আদালতের নথি পর্যালোচনায় দেখা যায় আসামীর নিজ শয়ন ঘর হতে ৭০০ গ্রাম গাঁজাসহ তাকে আটক করা হয়। ২জন সাক্ষীর উপস্থিতিতে আসামী তার দোষ স্বীকার করেন। নিম্ন আদালতের নথিতে কোন ত্রুটি না থাকায় আসামীর আপিল আবেদন না-মঞ্জুর করে নিম্ন আদালতের ২৯/০৬/২০২২ তারিখের আদেশ বহাল রেখে মামলা নিষ্পন্ন করা হয়।

পরামর্শ :

- রেজিস্টারসমূহ যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- বিচারিক মনোভাব নিয়ে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে আদালত পরিচালনা করতে হবে।
- আসামীর জামিন মঞ্জুর বা না-মঞ্জুরের ক্ষেত্রে বিস্তারিত ব্যাখ্যা আদেশপত্রে উল্লেখ করতে হবে।
- অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।
- বিজ্ঞ বিচারক স্বহস্তে আদেশপত্রে আদেশ লিপিবদ্ধ করবেন।

২০.০৯.২২

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী

**বিতরণ :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)]

২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া

৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া